SATKANIA BAR ASSOCIATION

সাতকানিয়া আইনজীবী সমিতি

Estd : 1880

# গঠনতন্ত্র

## সাতকানিয়া আইনজীবী সমিতি

২০২৫ ইংরেজী সনের ১০ জানুয়ারী ২৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ

# আইনজীবীদের শপথ

"আমি .................... সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে, আইনজীবীরূপে আমি আমার পেশার সুউচ্চ মান ও মর্যাদা সমুন্নত রাখিব; একই সঙ্গে আত্মমর্যাদাবোধ ও পেশার প্রতি যথাযথ নিষ্ঠাবান থাকিব এবং পেশাদারি আচরণ ও নৈতিক মানদণ্ড অনুসরণ করিয়া চলিব।

সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধানকে আমার পবিত্র কর্তব্য মনে করিব এবং বাংলাদেশের জনগণের অভিপ্রায়ের অভিব্যক্তিস্বরূপ ইহার শ্রেষ্ঠত্ব বজায় রাখিতে সচেষ্ট হইব। সংবিধানের পরিপন্থী কোনো কর্মকাণ্ডের সহিত-ই নিজেকে সম্পৃক্ত করিব না। মানবাধিকার রক্ষায় আমি হইব একজন সদাপ্রহরী এবং এমন একটি সমাজ বিনির্মাণের লক্ষ্যে নিজেকে নিয়োজিত রাখিব যেখানে সকল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক সাম্য, স্বাধীনতা ও সুবিচার সুনিশ্চিত হইবে।"

(বাংলাদেশ লিগ্যাল প্র্যাক্টিশনার্স অ্যান্ড বার কাউন্সিল রুলস, ১৯৭২-এর ৬২(২) অনুচ্ছেদ। মূল ইংরেজি হইতে অনূদিত)



পরিশিষ্ট-৭

## সাতকানিয়া আইনজীবী সমিতি
## চট্টগ্রাম ।

**শিক্ষানবীশ আইনজীবী আবেদন ফরমের নমুনা।**

১। আবেদন কারীর নাম ঃ.......................................................................

২। পিতা/স্বামীর নাম ঃ.......................................................................

৩। মাতার নাম ঃ.......................................................................

৪। বৈবাহিক অবস্থা ঃ.......................................................................

৫। জন্ম তারিখ ঃ.......................................................................

৬। জাতীয় পরিচয় পত্র নং ঃ.......................................................................

৭। মোবাইল নম্বর ঃ .......................................................................

৮। রক্তের গ্রুপ ঃ.......................................................................

৯। স্থায়ী ঠিকানা ঃ .......................................................................

.......................................................................

১০। বর্তমান ঠিকানা ঃ .......................................................................

.......................................................................

| ক্রঃ নং | পরীক্ষার বিবরণ | গ্রুপ/বিভাগ | গ্রেড/জি.পি.এ | সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|
| ০১ | | | | | |
| ০২ | | | | | |
| ০৩ | | | | | |
| ০৪ | | | | | |
| ০৫ | | | | | |

১২। সুপারিশকারী এডভোকেটের নাম ঃ...............................স্বাক্ষর ঃ......................

১৩। সুপারিশকারী এডভোকেটের এনরোলমেন্ট তারিখ ঃ ..........................................

১৪। সুপারিশকারী এডভোকেটের লিন নম্বর ঃ..........................................

১৫। অভিজ্ঞতা ঃ......................দিন..................মাস...............বছর..............।

১৬। নমিনীর নাম ঃ................................................সম্পর্ক ঃ ........................

তারিখ ঃ

..............................
আবেদনকারীর স্বাক্ষর

পরিশিষ্ট-৬ (ক)

## সাতকানিয়া আইনজীবী সমিতি

চট্টগ্রাম ।

শিক্ষানবীশ এডভোকেট ক্লার্ক বা আইনজীবী সহকারী রেজিষ্ট্রেশন সুপারিশপত্রের নমুনা ।

১। আবেদন কারীর নাম ঃ..........................................................

২। পিতা/স্বামীর নাম ঃ..........................................................

৩। মাতার নাম ঃ..........................................................

৪। বৈবাহিক অবস্থা ঃ..........................................................

৫। জন্ম তারিখ ঃ..........................................................

৬। জাতীয় পরিচয় পত্র নং ঃ..........................................................

৭। মোবাইল নম্বর ঃ ..........................................................

৮। রক্তের গ্রুপ ঃ..........................................................

৯। স্থায়ী ঠিকানা ঃ ..........................................................

..........................................................

১০। বর্তমান ঠিকানা ঃ ..........................................................

..........................................................

| ক্রঃ নং | পরীক্ষার বিবরণ | গ্রুপ/বিভাগ | গ্রেড/জি.পি.এ | সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|
| ০১ | | | | | |
| ০২ | | | | | |
| ০৩ | | | | | |

১২। সুপারিশকারী এডভোকেটের নাম ঃ..............................স্বাক্ষর ঃ.......................

১৩। সুপারিশকারী এডভোকেটের এনরোলমেন্ট তারিখ ঃ ..........................................

১৪। জামিনদার এডভোকেট ক্লার্ক এর নাম ঃ..........................................

১৫। জামিনদার এডভোকেট ক্লার্ক এর সনদ নম্বর ঃ..............................স্বাক্ষর ঃ.........

১৬। নমিনীর নাম ঃ..............................................সম্পর্ক ঃ .........................

তারিখ ঃ

..............................

আবেদনকারীর স্বাক্ষর



## সুচীপত্র

### প্রস্তাবনা

### অধ্যায়-১

### সমিতি


ধারা ১। উপ (১) সমিতির গঠনতন্ত্র

উপ (২) সমিতির ব্যাপ্তি

উপ (৩) সমিতির গঠনতন্ত্র কার্যকরের তারিখ

উপ (৪) সমিতির গঠনতন্ত্র কার্যকরীকরণের পূর্বেকার কার্যাদির বৈধতা

ধারা ২। সংজ্ঞা

ধারা ৩। উপ (১) সমিতির পতাকা

উপ (২) সমিতির সীলমোহর ও প্রতীক

ধারা ৪। সমিতির কার্যালয়

ধারা ৫। সমিতির গঠনতন্ত্রের প্রাধান্য

অধ্যায়-২

লক্ষ্য ও উদ্দেশ্য

ধারা ৬। সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য

অধ্যায়-৩

সদস্যপদ সম্পর্কিত

ধারা ৭। সদস্যপদের যোগ্যতা

ধারা ৮। সদস্যভুক্তিকরণ

ধারা ৯। বহিষ্কার, অপসারণ ও স্থগিতকরণ

ধারা ১০। সদস্যপদ বলবৎকরণ

অধ্যায়-৪

অর্থ ও তহবিল

ধারা ১১। ফি, চাঁদা, ভাড়া নির্ধারণ

ধারা ১২। সমিতির দান মঞ্জুরী গ্রহণের ক্ষমতা

ধারা ১৩। উপ (১) সমিতির ফি, চাঁদা, ভাড়া প্রদান

উপ (২) অনাদায়ীদের তালিকা প্রণয়ন

উপ (৩) বিলম্ব ফি সহ চাঁদা ইত্যাদি প্রদানের সুযোগ দান

উপ (৪) অনাদায়ী সদস্যদের সদস্যপদ স্থগিতকরণ

উপ (৫) সদস্যপদে পুনঃবহালকরণ

ধারা ১৪। তহবিল সংরক্ষণ
ধারা ১৫। পৃথক ব্যাংক হিসাব
ধারা ১৬। সাধারণ সম্পাদকের নগদ অর্থ রাখার সীমা
ধারা ১৭। ব্যাংক হিসাব পরিচালনা
ধারা ১৮। ব্যয় নির্বাহের ক্ষেত্রে পরিষদের পূর্ব অনুমোদন
ধারা ১৯। অর্থ বছর

অধ্যায়-৫
সমিতির ব্যবস্থাপনা

ধারা ২০। কার্যনির্বাহী পরিষদ
ধারা ২১। কর্মকর্তা নির্বাচন
ধারা ২২। পরিষদের মেয়াদকাল
ধারা ২৩। দায়িত্বভার হস্তান্তর
ধারা ২৪। এড-হক কমিটি গঠন
ধারা ২৫। পরিষদের সভা
ধারা ২৬। পরিষদের সভার কোরাম
ধারা ২৭। পরিষদের কর্মকর্তা বা সদস্যপদ বিলুপ্তি
ধারা ২৮। পরিষদ থেকে পদত্যাগ
ধারা ২৯। কর্মকর্তা অপসারণ
ধারা ৩০। শূণ্যপদ পূরণ
ধারা ৩১। পরিষদের ক্ষমতা
ধারা ৩২। উপ-কমিটি গঠন
ধারা ৩৩। খাতা-পত্রাদি সংরক্ষণ

অধ্যায়-৬
নির্বাচন

ধারা ৩৪। সমিতির নির্বাচনের দিন
ধারা ৩৫। নির্বাচন কমিশন নিয়োগ
ধারা ৩৬। নির্বাচন বিধি প্রণয়ন
ধারা ৩৭। চূড়ান্ত ভোটার তালিকাপ্রকাশ ও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা বা ভোটদানে অংশগ্রহণের অযোগ্যতা
ধারা ৩৮। মনোনয়নপত্র পেশ
ধারা ৩৯। উপ (১) মনোনয়নপত্র বাছাই
উপ (২) মনোনয়নপত্র পত্রাদি বৈধতা সম্বলিত বিরোধের সিদ্ধান্ত প্রদান
উপ (৩) মনোনয়নপত্র প্রত্যাহার
উপ (৪) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ



## পরিশিষ্ট-৬
## সাতকানিয়া আইনজীবী সমিতি
## চট্টগ্রাম ।

**এডভোকেট ক্লার্ক বা আইনজীবী সহকারী হিসেবে নিয়োগের সুপারিশপত্রের নমুনা ।**

১। আবেদন কারীর নাম ঃ.............................................................

২। পিতা/স্বামীর নাম ঃ.............................................................

৩। মাতার নাম ঃ.............................................................

৪। বৈবাহিক অবস্থা ঃ.............................................................

৫। জন্ম তারিখ ঃ.............................................................

৬। জাতীয় পরিচয় পত্র নং ঃ.............................................................

৭। মোবাইল নম্বর ঃ .............................................................

৮। রক্তের গ্রুপ ঃ.............................................................

৯। স্থায়ী ঠিকানা ঃ .............................................................

.............................................................

১০। বর্তমান ঠিকানা ঃ .............................................................

.............................................................

| ক্রঃ নং | পরীক্ষার বিবরণ | গ্রুপ/বিভাগ | গ্রেড/জি.পি.এ | সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|
| ০১ | | | | | |
| ০২ | | | | | |
| ০৩ | | | | | |

১২। সুপারিশকারী এডভোকেটের নাম ঃ..............................স্বাক্ষর ঃ......................

১৩। সুপারিশকারী এডভোকেটের এনরোলমেন্ট তারিখ ঃ ......................................

১৪। অভিজ্ঞতা ঃ.......................দিন.................মাস..............বছর............. ।

১৫। নমিনীর নাম ঃ................................................সম্পর্ক ঃ ..........................

তারিখ ঃ

..............................
আবেদনকারীর স্বাক্ষর

## পরিশিষ্ট-৫
## সাতকানিয়া আইনজীবী সমিতি
## চট্টগ্রাম ।
**কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে প্রার্থী মনোনয়ন ফরমের নমুনা।**

| | |
|---|---|
| ১. প্রার্থীর নাম ঃ...................................... | পদের নাম ঃ........................................ |
| ২. পিতা/স্বামীর নাম ঃ............................. | ৩. মাতার নাম................................... |
| ৪. জাতীয় পরিচয় পত্র নম্বর........................ | ৫. লিন নম্বর ঃ.................................. |
| ৬. প্রার্থীর ভোটার নম্বর ঃ.......................... | ৭. তালিকা ভুক্তির তারিখ....................... |
| ৮. প্রস্তাব কারীর নাম ঃ............................ | ৯. প্রস্তাব কারীরস্বাক্ষর ঃ....................... |
| ১০. প্রস্তাব কারীর ভোটার নম্বর ঃ................. | ১১. লিন নম্বর.................................... |
| ১১. সমর্থন কারীর নাম ঃ.......................... | ১২.সমর্থন কারীর স্বাক্ষর ঃ..................... |
| ১৩. সমর্থন কারীর ভোটার নম্বর ঃ............... | ১৪. লিন নম্বর ঃ.................... |

১৫. স্থায়ী ঠিকানা ঃ..........................................................................................

১৬. বর্তমান ঠিকানা ঃ ........................................................................................

১৭. শিক্ষাগত যোগ্যতা ঃ..............................১৮. মোবাইল নম্বর ঃ..........................

ই-মেইল ঃ.....................................................................................................

আমি.................... পিতা/স্বামী.......................ভোটার নম্বর ঃ..................সাতকানিয়া আইনজীবী সমিতির কার্যনির্বাহী পরিষদ নির্বাচন.................... ইংরেজী এ ....................... পদে প্রার্থী হইয়া এই মনোনয়ন পত্র দাখিল করিলাম। আমাকে .....................পদে প্রার্থী হিসেবে মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করিতেছি।

প্রার্থীর স্বাক্ষর .................................মোবাইল নম্বর...........................................

### নির্বাচন কমিশন অফিস কপি

১. যাচাই বাচাইক্রমে প্রাপ্ত মনোনয়ন ফরম সঠিক পাওয়া গেল। মনোনয়ন ফরমটি বৈধ বলে গণ্য করা হইল।

২. প্রাপ্ত মনোনয়ন ফরম..................................... কারণে সঠিক হয় নাই, তাই স্থগিত / বাতিল করা হইল।

৩. প্রার্থীকে ..................................পদের জন্য চূড়ান্ত করা হইল।

প্রধান নির্বাচন কমিশনার
সাতকানিয়া আইনজীবী সমিতি
চট্টগ্রাম।



**ধারা ৪০।** **উপ (১)** ভোট গ্রহণ ও গণনা
**উপ (২)** সম-সংখ্যাক ভোটে নির্বাচনী প্রক্রিয়া
**উপ (৩)** নির্বাচিত কর্মকর্তাদের নাম ঘোষনা
**ধারা ৪১।** কর্মকর্তা অপসারণ

**অধ্যায়-৭**
**পরিষদের কর্মকর্তা ও সদস্যদের যোগ্যতা, দায়িত্ব, ক্ষমতা**
**ধারা ৪২।** পরিষদের কর্মকর্তা ও সদস্যদের যোগ্যতা, দায়িত্ব ও ক্ষমতা

**অধ্যায়-৮**
**সভা**
**ধারা ৪৩।** **উপ (১)** পরিষদের সভা
**উপ (২)** সমিতির সভা
**উপ (৩)** সভার সিদ্ধান্ত গ্রহণের ভোট প্রদান প্রক্রিয়া
**ধারা ৪৪।** **উপ (১)** সভার বিজ্ঞপ্তির আলোচ্য সূচী
**উপ (২)** বিজ্ঞপ্তি প্রদানের সময়সীমা
**ধারা ৪৫।** সভার কোরাম
**ধারা ৪৬।** তলবী সভা
**ধারা ৪৭।** সভার কার্যবিবরণী প্রকাশ ও প্রচার
**ধারা ৪৮।** সভায় বহিরাগতদের যোগদানে বিধিনিষেধ
**ধারা ৪৯।** বার্ষিক সাধারণ সভা

**অধ্যায়-৯**
**ট্রাইব্যুনাল**
**ধারা ৫০।** ট্রাইব্যুনাল গঠন
**ধারা ৫১।** অভিযোগের নিষ্পত্তিকরণ

**অধ্যায়-১০**
**নিরীক্ষণ**
**ধারা ৫২।** নিরীক্ষক নিয়োগ
**ধারা ৫৩।** প্রতিবেদন পেশ

**অধ্যায়-১১**
**গঠনতন্ত্র সংশোধন**
**ধারা ৫৪।** গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন, সংযোজন

**অধ্যায়-১২**
**ক্লার্ক নিয়োগ বিধি**
**ধারা ৫৫।** এডভোকেট ক্লার্ক নিয়োগ বিধি

**অধ্যায়-১৩**
**পরিশিষ্ট**

বিসমিল্লাহির রাহমানির রাহিম

দয়াময় পরম দয়ালু, আল্লাহর নামে/পরম করুণাময় সৃষ্টি কর্তার নামে

# সাতকানিয়া আইনজীবী সমিতির

## গঠনতন্ত্র

## প্রস্তাবনা

যেহেতু, ১৮৮০ সনের ১৩জুন গঠিত সাতকানিয়া আইনজীবী সমিতি বিগত দেড় শতাব্দীকালের বিরামহীন নিরবচ্ছিন্ন ঐক্যবদ্ধ প্রয়াসের মধ্য দিয়ে ক্রমশঃ বিস্তৃত, সমৃদ্ধ, সৃষ্টিশীল, গৌরবমন্ডিত পরিপূর্ণ মহৎ প্রতিষ্ঠানে পরিণত হয়েছে;

যেহেতু তবুও গৌরব ও মর্যাদা প্রতিষ্ঠার এক অনন্ত সম্ভাবনার বিশাল পৃথিবী সামনে রয়েছে যা আজকের সাহসী প্রজন্ম নিশ্চিতই নির্মাণ করবে;

ইতি পূর্বে সমিতির গঠনতন্ত্র প্রণীত হইলেও উক্ত গঠনতন্ত্রের লিখিত রূপ অত্র গঠনতন্ত্র প্রণয়ন ও কার্যকর করা অবধি সমিতির সদস্যগণ প্রাপ্ত হন নাই;

এমতবস্থায়, সমিতির কোন গঠনতন্ত্র বহাল ও বর্তমান নাই মর্মে সমিতির বিজ্ঞ সদস্যগণ একমত হন এবং তৎহেতুতে সমিতির গঠনতন্ত্র প্রণয়নের সিদ্ধান্তে উপনীত হন;

ইতিপূর্বে সমিতির কার্যক্রম বিজ্ঞ সদস্যগণের সাধারণ সভার গৃহিত রেজ্যুলেশন সমূহ সমিতির বিধিমালা হিসেবে পরিগণিত হয়;

সেহেতু, এ লক্ষ্যে যুগের চাহিদা পুরণের অংগীকারে অদ্য ২০২৫ ইংরেজী সনের ১০শে জানুয়ারী, ১৪৩১ বঙ্গাব্দের ২৬ পৌষ আমরা সমিতির সকল সদস্য মাতৃভাষা বাংলায় এই গঠনতন্ত্র গ্রহণ করলাম।



**পরিশিষ্ট-৪ (ক)**

**সাতকানিয়া আইনজীবী সমিতি**

**চট্টগ্রাম ।**

**আপদকালীন ফান্ড থেকে এককালীন সহায়তার আবেদন ।**

১. আবেদনকারীর নাম :

২. সদস্যভূক্তির তারিখ ঃ

৩. কি কারণে অত্র ফাণ্ডের সহায়তা দাবী করা হয়েছেঃ....

..........................................................................................................

..........................................................................................................

.................................................................... ।

আমি প্রতিজ্ঞাপূর্বক ঘোষণা করছি যে, অত্র আবেদন পত্রের বর্ণনা যথাযথ এবং সত্য ।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ ঃ...........................

নির্বাহী পরিষদের সিদ্ধান্ত নিম্নরূপঃ

..........................................................................................................

..........................................................................................................

.................................................................... ।

সাধারণ সম্পাদক

**পরিশিষ্ট-৪**

## SATKANIA ASSOCIATION
## CHITTAGONG
## FORM OF APPLICATION FOR LOAN FROM MUTUAL BENEFIT FUND

1. Name of the applicant:
2. Date of Enrolment as member :
3. Brief cause of seeking loan:

I declare that I have completed 5 (five) years of Practice and undertake to refund the loan by 12 equal monthly installments. ob/es/ did not take any loan from the M. B. Fund in the past/ I repaid the entire loan taken from the M. B. Fund previously.

Signature of the Applicant.

Dated:

**Name with Particulars of the Sureties.**

1.............................................................................................................

2.............................................................................................................

We, the undersigned, hereby undertake to stand as sureties for the applicant to ensure the re-payment of loan to given to the applicant in case of this default.

1.............................................................................................................

2.............................................................................................................

**(Signature of the Sureties)**
Dated:

Short note of the decision of the Executive Committee.

**Signature of the President.**
Date :



## অধ্যায় - ১
## সমিতি

যেহেতু, সাতকানিয়া আইনজীজী সমিতি বিদ্যমান বিধিমালা বাতিলকরণের এবং নতুন গঠনতন্ত্র অবলম্বনের আবশ্যকীয়তা দেখা দিয়েছে, সেহেতু তা এতদ্বারা নিম্নরূপে বিধিবদ্ধ করা হচ্ছেঃ-

**ধারা ১। উপ (১) সমিতির গঠনতন্ত্র ঃ** এই গঠনতন্ত্র সাতকানিয়া আইনজীবী সমিতির গঠনতন্ত্র' নামে অভিহিত হবে।

**উপ (২) সমিতির ব্যাপ্তি ঃ** অত্র গঠনতন্ত্রের বিধিমালা সাতকানিয়াস্থ চৌকি আদালতের দেওয়ানী ও ফৌজদারী অধিক্ষেত্রের জন্য প্রযোজ্য হইবে।

**উপ (৩) গঠনতন্ত্র কার্যকরের তারিখ ঃ** ২০২৫ ইংরেজী সনের ১০শে জানুয়ারী হতে এ গঠনতন্ত্র কার্যকর হবে

**উপ (৪) গঠনতন্ত্র কার্যকরী করণে পূর্বেকার কার্যাদির বৈধতা ঃ** এই গঠনতন্ত্রের মাধ্যমে সমিতির ১৮৮০ সনের বিধিমালা সহ বর্তমান মুহূর্ত পর্যন্ত এর যাবতীয় সংশোধনীসমূহ বাতিল বলে গণ্য হবে, তবে এই গঠনতন্ত্র গৃহীত হবার পূর্ব পর্যন্ত যে সব নিয়োগ দান করা হয়েছে বা কার্য সম্পাদিত হয়েছে বা অধিকার, কর্তব্য পালন ও দায় অর্পিত হয়েছে সে সমূহের কোনটিরই বৈধতা বিন্দুমাত্র ক্ষুন্ন হবে না এবং সমিতির স্বার্থে গৃহিত ভিন্ন ভিন্ন তারিখের রেজ্যুলেশন সমূহ অত্র গঠনতন্ত্রের বিষয় বলিয়া গন্য হইবে।

**ধারা ২। উপ (১) সংজ্ঞাঃ** "এডভোকেট" বলতে "দি বাংলাদেশ লিগ্যাল প্র্যাকটিশনারস্ এন্ড বার কাউন্সিল অর্ডার ১৯৭২ রাষ্ট্রপতির আদেশ নং ৪৬/৭২" এর আওতায় তালিকাভুক্ত এডভোকেটদের বুঝাবে।

**উপ (২)** "পরিষদ" বলতে সমিতির কার্যনির্বাহী পরিষদকে বুঝাবে।

**উপ (৩)** "সমিতি" বলতে সাতকানিয়া আইনজীবী সমিতিকে বুঝাবে।

**উপ (৪)** "সদস্য" বলতে সাতকানিয়া আইনজীবী সমিতির সদস্যকে বুঝাবে।

**উপ (৫)** " ট্রাইব্যুনাল" বলতে এই গঠনতন্ত্রের আওতায় গঠিত সমিতির ট্রাইব্যুনালকে বুঝাবে।

**উপ (৬)** "আদালত" বলতে বাংলাদেশে অবস্থিত সকল আদালতকে বুঝাবে।

**উপ (৭)** "পেশাগত অসদাচরণ ও দুনীতি" বলতে "দি বাংলাদেশ লিগ্যাল প্র্যাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার ১৯৭২" -এর আওতায় বর্ণিত পেশাগত অসদাচরণকে বুঝাবে।

**উপ (৮)** "এডভোকেটস্ ক্লার্ক" বলতে বাংলাদেশ বার কাউন্সিল রুলস এন্ড অর্ডার ১৯৭২ এর নিয়ম অনুসারে সমিতি কর্তৃক নিবন্ধনকৃত আইনজীবীর করণিককে বুঝাবে।

**ধারা ৩। উপ (১) পতাকা ঃ** সমিতির নিজস্ব একটি পতাকা থাকবে। তা দৈর্ঘ্যে ৫´ ফুট, প্রস্থে ৩´ ফুট হবে। পতাকার জমিনের রং হবে সাদা, মধ্যভাগে থাকবে লাল গোলাকার বৃত্ত যার ব্যাসার্ধ ১´ ফুট। এর চারিদিকে কালো ও লাল রং যথাক্রমে শান্তি, ন্যায়বিচার ও নিরপেক্ষতার প্রতীক হিসেবে গণ্য হবে।

**উপ (২) সীলমোহর ও প্রতীক ঃ** সমিতির নামাংকিত ও প্রতিষ্ঠাবর্ষ সম্বলিত সীলমোহর থাকবে। উক্ত সীলমোহরের মধ্যভাগে সাতকানিয়া আইনজীবী সমিতির মনোগ্রাম সম্বলিত সমিতির প্রতীক হিসেবে থাকবে।

**ধারা ৪। কার্যালয় ঃ** সাতকানিয়া চৌকি আদালতস্থ সমিতির নিজস্ব ভবনে সমিতির কার্যালয় অবস্থিত থাকবে।

**ধারা ৫। প্রাধান্য ঃ উপ (১)** সমিতির সকল ক্ষমতা যেহেতু সদস্যদের, সেহেতু সদস্যদের পক্ষে সকল ক্ষমতা এই গঠনতন্ত্রের আওতায় পরিচালিত কার্যনির্বাহী পরিষদ কর্তৃক পরিচালিত হবে।

**উপ (২)** সকল সদস্যের পবিত্র অভিপ্রায় বিধায় এই গঠনতন্ত্র সমিতির সর্বোচ্চ আইন হিসেবে গণ্য হবে এবং সমিতির সাথে সংশ্লিষ্ট অন্য যে কোন অসংগতিপূর্ণ হলে উক্ত বিধি এই গঠনতন্ত্রের বিধিমালার সাথে অসংগতিপূর্ণ অংশ বাতিল বলে বিবেচিত হবে। তবে নিয়মিত সদস্যদের সংখ্যা গরিষ্টের সর্বসম্মত প্রস্তাবের মাধ্যমে তাহা বাতিল হইবে। সমিতির সকল ক্ষমতা সদস্যদের। তাই সদস্যদের পক্ষে এই গঠনতন্ত্রের আওতায় পরিচালিত কার্য নির্বাহী পরিষদ কৃত পরিচালিত হইবে।

## অধ্যায়-২

### লক্ষ্য ও উদ্দেশ্য

**ধারা ৬।** সাতকানিয়া আইনজীবী সমিতির নিম্নোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে পরিচালিত হবে।

**উপ (১)** সকল সদস্যের পেশাগত স্বার্থ সংরক্ষণে সর্বোত্তম ব্যবস্থা নিশ্চিত করা।

**উপ (২)** সদস্যদের মধ্যে ভ্রাতৃপ্রতিম সম্পর্ক গড়ে তোলা এবং পারস্পরিক সাহায্য সহযোগীতার ক্ষেত্রকে অধিকতর সম্প্রসারিত করা।

**উপ (৩)** সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধি ও মর্যাদার বিকাশকে নিশ্চিত করা।

**উপ (৪)** সদস্যদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ ভ্রাতৃত্বসুলভ সম্পর্কের উন্নয়নের জন্যে নানাবিধ সামাজিক, সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠানাদি ইত্যাদির আয়োজন করা।

**উপ (৫)** সদস্যদের ও তাঁদের পরিবারের নিরাপত্তা, স্বার্থ সংরক্ষণ করা এবং তাঁদের ও সামজের দুর্গতদের সাহায্যার্থে সম্ভাব্য তহবিল গঠন করা।

**উপ (৬)** সমবায় ভিত্তিতে সদস্যদের আর্থিক ও অন্যান্য সুবিধাদি দানের ব্যবস্থা করা।

**উপ (৭)** স্বয়ংসম্পূর্ণ আধুনিক পাঠাগার গড়ে তুলে জ্ঞান লাভে সদস্যদের সমৃদ্ধ করা এবং পুস্তক-পুস্তিকা, সাময়িকী ইত্যাদি পাঠে ও ব্যবহারে তাঁদের সুযোগদান নিশ্চিত করা।



**পরিশিষ্ট-৩**

**SATKANIA BAR ASSOCIATION. CHITTAGONG.**
**APPLICATION FORM FOR THE**
**MUTUAL BENEFIT FUND**

To,
The General Secretary
Satkania Bar Association
Chittagong.

**Dear sir,**
I wish to enlist myself as a contributor towards Mutual Benefit fund of the Asso- ciation on payment of usual contribution as provided by the Management and Disbursement of the Mutual Benefit Fund Rules, 2025 of the satkania Bar Association Chittagong In connection requisite particulars are given below:

1. Name (Block Letter):........................................................................
2. Father's/Husband's Name:..............................................................
3. Date of Enrolment by the
   Bangladesh Bar Council:..................................................................
4. Date of Membership of
   the Association:................................................................................
5. Present Address:..............................................................................
6. Permanent Address:.........................................................................
7. Name of Nominee/ Nominees:..........................................................
8. Relationship with the
   Nominee/Nominees:..........................................................................

I agree to comply with and shall be bound by the Mutual Benifit Fund Rules, 2025.

Date

Yours faithfull
(SIGNATURE OF THE APPLICATION) ADVOCATE
SATKANIA BAR ASSOCIATION.
Chittagong.

**পরিশিষ্ট-২**

**APPLICATION FOR MEMBERSHIP**
**SATKANIA BAR ASSOCIATION, CHITTAGONG.**

To
The General Secretary,
Satkania Bar Association
Chittagong.

**SUB: APPLICATION FOR MEMBERSHIP**

Sir,I, the undersigned, have been enrolled as an Advocate by the Bangladesh Bar Council, Dhaka on........... Now, I intend to be a member of this Assocation. My particulars are given below:

1. Name:.............................................................................................
2. Father's/Husband's Name:.............................................................
3. Address:
   (a)Present:........................................................................................
   ..........................................................................................................
   (b) Permanent:..................................................................................
   ..........................................................................................................
4. Place and date of Birth:
5. Qualification Year Div/Class School/College/University
   (a) S.S.C.
   (b) H.S.C.
   (c) B.A/B.Com/B.Sc.
   (d) M.A./M.Com/M.Sc.
   (e) L.L.B.
   (f)L.L.M/Bar-at-Law. (g)Others: If any.
6. Previous profession or Service, if any describe:............................
7. Whether convicted or punished by any Court of authority.............
8. Name of nominee for claim and receiving benefit etc....................
   ..........................................................................................................
   ..........................................................................................................
9. Relationship with the Nominee......................................................
   I do hereby declare that whatever have been stated above are true to my knowledge and that I shall abide by the Consttibution of the Association.

Dated, Chittagong. .............................Applicant
The.............................................



**উপ (৮)** আইনজীবী পেশায় নিয়োজিতদের আচরণ পেশাগত উৎকর্ষসাধন, ন্যায়বিচার, আইনের শাসন ও মানবাধিকারসহ জাতীয়, আন্তার্জাতিক স্বার্থসংশ্লিষ্ট নানান গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা সভা, বিতর্কানুষ্ঠান, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদির ব্যবস্থা করা এবং পুস্তক-পুস্তিকা, সাময়িকী, বার্ষিকী ইত্যাদি প্রকাশ ও প্রচারের ব্যবস্থা করা।

**উপ (৯)** স্থানীয়, জাতীয় আন্তর্জাতিক ক্ষেত্রে কৃতিমান সদস্যদেরকে সম্মান দানের মাধ্যমে সমাজহিতৈষী নেতৃত্ব গঠনে সদস্যদের উৎসাহিত করা।

**উপ (১০)** পরিষদের লিখিত অনুমতিক্রমে আগ্রহী স্থানীয়, জাতীয়, আন্তর্জাতিক ক্ষেত্রে কৃতিমান ব্যক্তিদের বক্তব্য প্রদানের সুযোগ সৃষ্টির মাধ্যমে সম্যক বিষয়াদি সম্পর্কে সদস্যদের অবহিত করণের ব্যবস্থা করা।

**উপ (১১)** পেশাগত অসাধুতা ও অসদাচরণ রোধে ন্যায়ানুগ পদক্ষেপ গ্রহণ করা।

**উপ (১২)** আদালত ভবনকে সকল প্রকার দুর্নীতি, অনিয়ম ও কলুষমুক্ত করে ন্যায়বিচার নিশ্চিতকরণ ও আদালতের ভাবমূর্তি সংরক্ষণ করা।

**উপ (১৩)** ন্যায় বিচার ও আইনের শাসন প্রতিষ্ঠায় সর্বতোভাবে কাজ করা।

**উপ (১৪)** ন্যায়বিচার, আইনের শাসন এবং মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে অন্য যে কোন সংস্থা বা সংগঠনকে প্রয়োজনবোধে সহযোগিতা করা।

**উপ (১৫)** সাধারণ জনগণকে আইন এবং স্বীয় অধিকার ও কর্তব্য সম্পর্কে সজাগ ও সচেতনকরণে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা এবং বিশেষ পরিস্থিতিতে দুর্গত বিচারপ্রার্থীকে বিনামূল্যে বা স্বল্পমূল্যে আইনগত সহায়তা প্রদানের ব্যবস্থা করা।

**উপ (১৬)** সমিতির সার্বিক স্বার্থে স্থাবর-অস্থাবর যাবতীয় সম্পত্তি অর্জন, সংরক্ষণ নিশ্চিত করা।

**উপ (১৭)** উল্লেখিত লক্ষ্য ও উদ্দেশ্যবলী নিশ্চিতকরণ ও অধিকতর উন্নয়নের জন্যে যা আবশ্যক তা সম্পাদন করা।

## অধ্যায়-৩

## সদস্যপদ সম্পর্কিত

**ধারা ৭। উপ (১) সদস্যপদের যোগ্যতা ঃ** বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক "দি বাংলাদেশ লিগ্যাল, প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার "১৯৭২" এর আওতায় সনদপ্রাপ্ত যে কোন এডভোকেট যিনি বাংলাদেশের সকল আদালতে আইন পেশায় নিযুক্তির অধিকার সংরক্ষণ করেন, তিনি এই সমিতির সদস্যভুক্ত হতে পারবেন। তবে উপরোক্ত অধিকার সংরক্ষিত থাকা সত্ত্বেও সাতকানিয়া চৌকি আদালতের কর্মচারী ও উমেদার হিসাবে একবারের জন্য হলেও চাকুরীরত ছিলেন এবং এডভোকেট ক্লার্ক হিসাবে একবারের জন্য হলেও কার্ড প্রাপ্ত হয়েছিল সেই ধরণের কোন কর্মচারী ও উমেদার এবং এডভোকেট ক্লার্ক সাতকানিয়া আইনজীবী সমিতির সদস্য পদ গ্রহণে উপযুক্ত বলিয়া বিবেচিত হবেন না। ন্যায়ানুগ আদালত হতে (রাজনৈতিক মামলা ও সামরিক আদালতে দণ্ড ব্যতীত) সাত বছরের অধিক দণ্ডপ্রাপ্তদের কেউই সমিতি সদস্যপদ গ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

**উপ (২)** সাতকানিয়া আইনজীবী সমিতি কর্তৃক গঠিত ট্রাইবুনালে কোন ব্যক্তি দোষি সাব্যস্থ হইলে উক্ত ব্যক্তি সমিতির সদস্য পদ গ্রহণে উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

**উপ (৩)** উল্লেখ থাকে যে সমিতির সদস্য হইবার জন্য আবেদন ইচ্ছুক বার কাউন্সিল হইতে আইনজীবী হিসেবে সনদপ্রাপ্ত কোন ব্যক্তি সাতকানিয়া চৌকি আদালতে একবারের জন্য হইলেও উমেদার বা কর্মচারী ছিলেন কিনা তাহা নিরুপণের জন্য সাতকানিয়া আইনজীবী সমিতির নিয়মিত বিজ্ঞ সদস্যদের মধ্যে অনধিক ৩ (তিন) জন নিয়মিত সদস্যদের মতামতই যথেষ্ট বলিয়া বিবেচিত হইবে।

**ধারা ৮। উপ (১) সদস্যভুক্তিকরণ :** উল্লেখিত ধারা ৭ (১) ও (২) এর বিধি মোতাবেক যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তি পরিশিষ্ট-২ এ উল্লেখিত ফরম পূরণ করে সাধারণ সম্পাদক বরাবরে আবেদনের ভিত্তিতে এবং ধারা ১১ এর বিধির আওতাধীন কিংবা সমিতি কর্তৃক সময়ে সময়ে স্থিরকৃত ভর্তি ফি, চাঁদা ও অন্যান্য দেয় প্রদানে পরিষদ কর্তৃক অনুমোদন সাপেক্ষে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন।

**উপ (২)** সমিতির সদস্যভুক্ত হবার জন্য দাখিল কৃত লিখিত আবেদনপত্র প্রাপ্তি অন্তে সাধারণ সম্পাদক সহ ৩ (তিন) সদস্যের এনরোলমেন্ট কমিটি তথায় উল্লেখিত যাবতীয় তথ্যের সত্যতা যাচাই করবেন এবং আবেদনপত্র বিষয়ে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রচার করবেন। আবেদনকারীর খরচে অন্যূন একটি স্থানীয় দৈনিকে বা একটি জাতীয় দৈনিকে উক্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হতে হবে। সমিতির কোন সদস্যের বা অন্য যে কোন ব্যক্তির উক্ত আবেদনকারীর সমিতি সদস্যপদ লাভের ব্যাপারে কোনরূপ আপত্তি না থাকলে সাধারণ সম্পাদক আবেদন পত্র পরিষদে উত্থাপন করবেন। পরিষদ অতঃপর প্রয়োজনীয় বাছাই ও সাক্ষাতকার গ্রহণের মাধ্যমে তা এনরোলমেন্ট কমিটি গ্রহণ বা বর্জন করবেন। তবে সমিতির সদস্যপদ প্রদানের ক্ষেত্রে ধারা ৭ এর বিধানাবলি যথাযথভাবে পালন করিতে উক্ত এনরোলমেন্ট কমিটি বাধ্য থাকিবে। ধারা ৭ এর বিধানাবলি প্রতিপালন করা না হইলে উক্তরূপ সদস্য তালিকা ভুক্তি সর্বাবস্থায় বাতিল বলিয়া গণ্য হইবে।

**উপ (৩)** পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের এক মাসের মধ্যে কোন সদস্য লিখিতভাবে আবেদকারীর সদস্যভুক্তির ব্যাপারে সাধারণ সম্পাদকের কাছে আপত্তি জানালে সাধারণ সম্পাদক তৎ বিষয়ে কার্যনির্বাহী পরিষদের সভা আহ্বান করবেন। কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থিত সদস্যের দু-তৃতীয়াংশ এরূপ সদস্যভুক্তিতে আপত্তি জানালে উক্ত আবেদনপত্র প্রত্যাখ্যাত হয়েছে বলে গণ্য হবে।

**উপ (৪)** এরূপ সভায় একবার আবেদন পত্র প্রত্যাখ্যাত হলে উক্ত আবেদনকারীর সদস্যভুক্তির পুনঃ আবেদনপত্র কার্যনির্বাহী পরিষদে এ ব্যাপারে পুনঃসিদ্ধান্ত না হওয়া পর্যন্ত পূর্বোক্ত আদেশ কার্যকর থাকবে।

**উপ (৫)** সদস্যপদের জন্যে আবেদনপত্র প্রত্যাখ্যাত হয়েছে এমন আবেদনকারীর প্রদত্ত ভর্তি ফি ও নানাবিধ চার্জের অর্ধাংশ তাকে প্রত্যর্পণ করা হবে।



পরিশিষ্ট-২

সদস্য ভর্তির আবেদন পত্রের নমুনা।

পরিশিষ্ট-৩

এম.বি ফান্ড হইতে ঋণ মঞ্জুরীর আবেদনপত্রের নমুনা ।

পরিশিষ্ট-৪

এম.বি ফান্ডের জন্য হলফনামার নমুনা ।

পরিশিষ্ট-৫

কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে প্রার্থী মনোনয়ন ফরমের নমুনা।

পরিশিষ্ট-৬

এডভোকেট ক্লার্ক বা আইনজীবী সহকারী হিসেবে নিয়োগের সুপারিশপত্রের নমুনা।

পরিশিষ্ট-৭

শিক্ষানবীশ আইনজীবীদের আবেদন ফরমের নমুনা।

৪। প্রতি বছর ৩০ নভেম্বর তারিখে এম.বি ফান্ডের হিসাব সম্পন্ন হইবে। এম.বি ফান্ডের সুবিধাদি প্রাপ্তির যোগ্য প্রত্যেক বিজ্ঞ সদস্যের হিসাবে এম.বি ফান্ডের টাকা প্রতি বৎসর সাধারণ সভার রেজ্যুলেশনের মাধ্যমে বন্টন ও নির্ধারণ করা হইবে।

৫। এম.বি ফান্ডের নির্ধারিত চাঁদা পরিশোধ সাপেক্ষে সাতকানিয়া আইনজীবীর সদস্যগণ এম বি ফান্ড হইতে সুবিধাদি প্রাপ্তির উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে।

৬। সাতকানিয়া আইনজীবী সমিতির সদস্য হিসেবে সাতকানিয়া চৌকি আদালতে নিয়মিত ও প্রত্যক্ষভাবে আইন পেশায় নিয়োজিত আছেন মর্মে প্রত্যেক সদস্য সমিতির বরাবরে ২০০/- টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্প কাগজে নির্ধারিত একখানা হলফনামা সম্পাদন করিবেন।

৭। সমিতির বরাবরে হলফনামা সম্পাদন সাপেক্ষে কোন বিজ্ঞ সদস্য সাতকানিয়া চৌকি আদালতে আইন পেশায় নিয়মিত ও প্রত্যক্ষভাবে পেশা পরিচালনা না করিলে উক্ত সদস্য এম.বি ফান্ডের সুবিধাদি প্রাপ্তি হইতে বঞ্চিত হইবেন। তবে উক্ত বিষয়ে সমিতির কার্যনিবাহী পরিষদের সাধারণ সভায় দুই-তৃতীয়াংশ নিয়মিত বিজ্ঞ সদস্যদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হবে। তবে তা ২৫ (পঁচিশ) জন নিয়মিত বিজ্ঞ সদস্যের কম হতে পারবে না।

৮। এম.বি ফান্ডের সুবিধাদি প্রাপ্তির উপযুক্ত সমিতির বিজ্ঞ সদস্য তাহার হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৫০% পর্যন্ত উত্তোলন করিতে পারিবে । বাদবাকী অর্থ সমিতির ব্যবস্থাপনায় এম.বি ফান্ড হিসাবে সংরক্ষিত থাকিবে। তবে এম.বি ফান্ডের টাকা বিশেষ প্রয়োজনে উত্তোলনের ক্ষেত্রে সমিতির সাধারণ সভায় নিয়মিত সদস্যদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহিত হবে। তবে তা ২৫ (পঁচিশ) জন নিয়মিত বিজ্ঞ সদস্যের কম হতে পারবে না।

৯। সমিতির বিজ্ঞ সদস্য আইনপেশা হইতে অবসর গ্রহণ করিলে বা মৃত্যু বরণ করিলে এম.বি ফান্ডের জমাকৃত অর্থ তাহার বৈধ ওয়ারিশগণ বরাবরে অনতিবিলম্বে ফেরৎ প্রদান করা হইবে।

১০ । এম.বি ফান্ডে জমাকৃত সমুদয় অর্থ সমিতির ব্যবস্থাপনায় যে কোন তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত (এফ.ডি.আর) হিসাবে বিনিয়োগ করা হইবে।



**উপ (৬)** সমিতির সদস্যপদ প্রাপ্তি অন্তেই কেবলমাত্র কোন সদস্য সমিতির যাবতীয় আসবাবপত্র, পাঠাগার, ও অন্যান্য সম্পদ ব্যবহারের এবং সমিতির যাবতীয় সুবিধাবলী অর্জনের বৈধ অধিকারী হবে।

**উপ (৭)** সমিতির সকল প্রাপ্য অর্থ পরিশোধকারী কোন সদস্য সমিতি ত্যাগের আবেদন জানালে তাকে অনুপস্থিত সদস্যে তালিকাভুক্ত করা হবে। অনুপস্থিতকালীন সময়ের জন্যে তিনি সমিতিতে কোন প্রাপ্য প্রদানে বাধ্য থাকবেন না। তবে সমিতিতে তাঁর প্রত্যাবর্তনের ভিত্তিতে তাঁকে সমিতিতে পুনরায় যোগদানের অনুমতি দেয়া যাবে। এরূপ অনুপস্থিত সদস্যদের পৃথক একটি তালিকা সমিতিতে সংরক্ষণ করতে হবে। অনুপস্থিত সদস্যের তালিকাভুক্ত কেউ কোন প্রকার ভোট দানে কিংবা সমিতির কোন কার্যক্রমে অংশগ্রহণ করতে এবং সমিতির কোন সম্পদ ব্যবহার করতে পারবেন না।

**উপ (৮)** সাতকানিয়া আইনজীবী সমিতির তালিকাভুক্ত কোন বিজ্ঞ সদস্যের স্বাক্ষরিত ওকালতনামায়, সমিতির তালিকাভুক্ত অন্য বিজ্ঞ সদস্য উক্ত ওকালতনামায় Do করিয়া স্বাক্ষর করিতে চাহিলে সেক্ষেত্রে মূল আইনজীবীর (N.O.C.) প্রদান করিতে হইবে।

**উপ (৯)** বার কাউন্সিল কর্তৃক সনদ প্রাপ্ত কোন আইজীবী সাতকানিয়া আইজীবী সমিতির তালিকা ভুক্ত না হইয়া নির্ধারিত ওকালত নামা, বার ফরম, স্টিকার ও সমিতির স্থাবর অস্থাবর সম্পদ ব্যবহার করিতে পারিবেন না। তবে বার কাউন্সিল কর্তৃক সনদ প্রাপ্ত আইনজীবী হিসেবে সাতকানিয়া চৌকি আদালত সমূহে পেশাগত দায়িত্ব পালনের আবশ্যকতা হেতুতে সমিতির তালিকাভুক্ত যে কোন এক বা একাধিক সদস্যের সহযোগীতা গ্রহণ করিতে পারিবে। সেক্ষেত্রে কার্যনির্বাহী পরিষদের (N.O.C.) প্রদান করিতে হইবে।

**উপ (১০)** যে কোন ব্যক্তি বা বিজ্ঞ সদস্য ধারা ৮ (৮) ও (৯) এর বিধানাবলি লংঘন করিলে তাহার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**ধারা ৯। উপ (১) বহিষ্কার, অপসারণ ও স্থগিতকরণ ঃ** সমিতির কোন সদস্য অপ্রকৃতিস্থ হলে বা নৈতিক স্থলন বা পেশাগত অসদাচরণ বা অন্য কোন কারণে দোষী সাব্যস্ত হলে বা সমিতির গঠনতন্ত্রের পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে বা ন্যায়ানুগ আদালত কর্তৃক (রাজনৈতিক মামলা ও সামরিক আদালতে দণ্ড ব্যতীত) সাত বছরের অধিক দণ্ডপ্রাপ্ত হলে তাঁর সদস্যপদ স্থগিত কিংবা তাঁকে সদস্যপদ থেকে বহিষ্কার বা অপসারণ করা যাবে। এরূপ ক্ষেত্রে আলোচ্যসূচী নির্ধারণ করে অন্যূন পাঁচ দিনের বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে সভা আহ্বান করতে হবে এবং সভায় উপস্থিত নিয়মিত সদস্যের সংখ্যাগরিষ্ঠ ভোটে (যা কোন ক্রমেই নিয়মিত বিশ সদস্যের কম হতে পারবে না) সদস্যপদ থেকে বহিষ্কার, অপসারণ বা তা স্থগিতের সিদ্ধান্ত নিতে হবে। শর্ত থাকলো যে, সভানুষ্ঠানের পূর্বে সাধারণ সম্পাদক উত্থাপিত অভিযোগাদি সম্বলিত অভিযোগপত্র সংশ্লিষ্ট সদস্যের কাছে কারণ দর্শানোর জন্যে সাত দিনের নোটিশ প্রদান করবেন। উক্ত নোটিশের প্রেক্ষিতে প্রাপ্ত জবাবান্তে পরিষদের সিদ্ধান্তক্রমে তিনি সাধারণ সভা আহ্বান করবেন।